45

তারিখ ... 2-0 AUG 1994 ...
পৃষ্ঠা ২ কলাম ৪ ...

দৈনিক জনকণ্ঠ

# আগামী বছর ৩১৮ স্কুল সরকারী করা হবে

মোস্তাক মোবারকী

আগামী বছর দেশের মোট তিন শ' আঠারটি বেসরকারী হাই স্কুলকে সরকারী করা হচ্ছে। ফলে গোটা দেশের প্রতিটি থানা সরকারী হাই স্কুলের আওতায় চলে আসবে। তখন দেশে মোট সরকারী হাই স্কুলের সংখ্যা দাঁড়াবে ৬ শ' ৩৫টি। বর্তমানে দেশে সরকারী হাই স্কুলের সংখ্যা ৩ শ' ১৭টি। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে এ পর্যন্ত সাড়ে তিন বছরে মাত্র একটি বেসরকারী হাই স্কুলকে সরকারী করা হয়েছে। খবর নির্ভরযোগ্য সূত্রের।

সূত্র জানায়, বর্তমানে চারটি মহানগর এলাকা ছাড়া দেশের ৪ শ' ৬৮টি থানার ১৫০টিতে সরকারী হাই স্কুল আছে। চলতি বছর থেকেই দেশের প্রতিটি থানায় একটি করে সরকারী হাই স্কুল করার উদ্যোগ নেয়া হয়েছিল। কিন্তু বিশ্বব্যাংকে এতগুলো বেসরকারী হাই স্কুল সরকারীকরণের ব্যাপারে অমত পোষণ করেছে। তাদের পরামর্শ হলো ঃ সরকারীকরণের ব্যাপারে সরকারকে ধীরে আগানো উচিত। সেজন্য মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও এ বছর সরকারীকরণের উদ্যোগ নেয়া যায়নি।

সূত্র জানায়, গত নির্বাচনের সময় সরকারের দলীয় প্রার্থীরা তাদের নিজ নিজ এলাকায় উন্নয়নের যেসব প্রতিশ্রুতি দেয়, তার মধ্যে প্রতি থানায় সরকারী হাই স্কুল প্রতিষ্ঠার দাবি প্রাধান্য পেয়েছিল। কিন্তু আরেকটি জাতীয় নির্বাচন আসন্ন হলেও সরকারের এই প্রতিশ্রুতি এখনও বাস্তবায়িত না হওয়ায় ক্ষমতাসীন দলের মধ্যে অসন্তোষ বিরাজ করছে বলে জানা গেছে।

সূত্র জানায়, বর্তমানে দেশে সর্বমোট পাঁচ শ' পনেরটি থানা রয়েছে। এর মধ্যে চারটি মেট্রোপলিটন শহরে ৪৭টি এবং এর বাইরে ৪শ' ৬৮টি থানা আছে। বর্তমানে ১ শ' ৫০টি থানায় সরকারী হাই স্কুল আছে। বাকি তিন শ' আঠারটি থানায় কোন সরকারী হাই স্কুল নেই। আগামী বছর এই ৩শ' ১৮টি থানার বেসরকারী হাই স্কুল থেকে একটি করে সরকারী হাই স্কুল করা হবে।

সূত্র আরও জানায়, বর্তমানে সরকারী হাই স্কুলগুলোতে মোট সাত হাজার তিনশ' ছিয়ানব্বই জন শিক্ষক-শিক্ষিকা আছেন। আগামী বছর তিনশ' আঠারটি বেসরকারী হাই স্কুলকে সরকারী করা হলে শিক্ষক-শিক্ষিকার সংখ্যা দাঁড়াবে প্রায় পনের হাজার। সারাদেশে অনুদানভুক্ত বেসরকারী স্কুলের সংখ্যা দশ হাজার ছয়শ' ছাব্বিশটি। এর মধ্যে দুই হাজার তিন শ' পঞ্চাশটি জুনিয়র এবং আট হাজার দু'শত ছিয়াত্তরটি হাই স্কুল রয়েছে। এসব হাই স্কুলে গড়ে দশজন করে শিক্ষক-শিক্ষিকা রয়েছেন।

এ ব্যাপারে শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এর সত্যতা স্বীকার করেন। তিনি বলেন, আগামী বছর থেকে পর্যায়ক্রমে প্রতিটি থানায় একটি করে বেসরকারী হাই স্কুলকে সরকারীকরণ করা হবে।